**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 27.02.2025** **Desk in Charge : SDG**

**Time : 7.35 AM** **Compiling & NR : NBR**

**DEO : KB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১/ আগামী বছর বিধানসভা নির্বাচনের আগে আজ কলকাতার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে বৈঠকে বসতে চলেছেন তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

২/ প্রাথমিকে শিক্ষক নিয়োগ মামলায় CBI-এর চার্জশিটে উল্লেখ থাকা কথোপকথনে জনৈক অভিষেক ব্যানার্জির নাম উল্লেখকে কেন্দ্র করে রাজনৈতিক তরজা শুরু হয়েছে।

৩/ উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় আগামীকাল একদিনের সফরে পশ্চিমবঙ্গে আসছেন।

৪/ দীঘায় নির্মীয়মান জগন্নাথ মন্দির পরিচালনার জন্য রাজ্য সরকারের গঠিত ট্রাস্ট আজ প্রথম বৈঠকে বসতে চলেছে।

৫/ নতুন বছরের প্রথম দু'মাস শেষ হওয়ার আগেই রাজ্যে ডেঙ্গি আক্রান্তের সংখ্যা ৪০০ পেরিয়েছে।

৫/ আগামী তেসরা মার্চ থেকে শুরু হতে চলা এবছরের উচ্চ মাধ্যমিকে মোট পাঁচ লক্ষ ৯ হাজার পড়ুয়া পরীক্ষায় বসছেন।

*************************************************************************

দলের সাংগঠনিক অবস্থা খতিয়ে দেখার পাশাপাশি আগামী বছর বিধানসভা নির্বাচনের আগে আজ কলকাতার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে বৈঠকে বসতে চলেছেন তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

দলের সর্বস্তরের নেতারা ছাড়াও সভায় রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে প্রায় ১৯ হাজার কর্মী যোগ দেবেন বলে দলীয় সূত্রে জানা গেছে। লাইভ সম্প্রচারের জন্য প্রতিটি বুথে জায়ান্ট স্ক্রিনের ব্যবস্থা'ও থাকবে।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিরূপ )

এদিকে, বিরোধীরা আজকের এই অনুষ্ঠানকে কটাক্ষ করেছে। বিজেপির সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় বলেন, সাংগঠনিক এই বৈঠকে, সুজয় কৃষ্ণ ভদ্রের বিরুদ্ধে CBI-এর দেওয়া চার্জশিটে উল্লিখিত 'জনৈক অভিষেক ব্যানার্জি' সম্পর্কে মুখ্যমন্ত্রী কিছু বলেন কিনা, সেটাই দেখার।

( বাইট- জগন্নাথ )

অন্যদিকে, CPIM-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেছেন, বর্তমান পরিস্থিতিতে ভয় পেয়েই তৃণমূল কংগ্রেস বিধানসভা নির্বাচনের একবছর আগে থেকে তার প্রস্তুতি নিতে শুরু করেছে।

( বাইট- সুজন )

**********************

প্রাথমিকে শিক্ষক নিয়োগ মামলার অন্যতম অভিযুক্ত সুজয়কৃষ্ণ ভদ্রের বিরুদ্ধে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা-CBI এর চার্জশিট দেওয়াকে কেন্দ্র করে রাজনৈতিক তরজা শুরু হয়েছে।

চার্জশিটে সুজয়কৃষ্ণ-সহ কয়েক জনের কথোপকথনের একটি অডিয়ো ক্লিপের কথা উল্লেখ করা হয়েছে বলে সূত্রের খবর। সেখানে প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় এবং তৃণমূল বিধায়ক মানিক ভট্টাচার্যের নামের পাশাপাশি জনৈক অভিষেক ব্যানার্জি-র নামও শোনা গিয়েছে। অডিয়ো ক্লিপটির 'সত্যতা' যাচাই করার জন্য সেটি সেন্ট্রাল ফরেন্সিক সায়েন্সেস ল্যাবরেটরিতে পাঠিয়েছে সিবিআই। পাশাপাশি, সুজয়কৃষ্ণ এবং মামলার অপর দুই অভিযুক্ত কুন্তল ঘোষ এবং শান্তনু বন্দ্যোপাধ্যায়ের কণ্ঠস্বরের নমুনা

দিল্লিতে পাঠানো হয়েছে পরীক্ষার জন্য। সাক্ষীদের মধ্যে কয়েকজন ওই অডিয়োর সত্যতা স্বীকার করেছেন বলে সিবিআই সূত্রের খবর।

এদিকে, প্রাথমিকে শিক্ষক নিয়োগের দুর্নীতি মামলায় সিবিআই রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে জড়িয়ে দিতে চাইছে বলে তাঁর আইনজীবী সঞ্জয় বসু অভিযোগ করেছেন।

**********************

দলের বিধায়ক মানিক ভট্টাচার্য সহ কয়েকজনের অপকীর্তির জন্যই তৃণমূল কংগ্রেস কালিমালিপ্ত হচ্ছে বলে কৃষ্ণনগরের সাংসদ মহুয়া মৈত্র অভিযোগ করেছেন।

গতকাল নদীয়ার পলাশী পাড়ার বার্ণিয়ায় এক কর্মীসভায় মহুয়া বলেন, অপরাধ করে ভোটের আগে এলাকায় ঢুকে কেউ সভা করবে, তা' মেনে নেওয়া যায়না।

( বাইট- মহুয়া )

উল্লেখ্য, বেশ কিছুদিন ধরেই জেলার ছয় বিধায়ক মহুয়ার বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ নিয়ে মুখ্যমন্ত্রীর দ্বারস্থ হয়েছিলেন। এরপর থেকেই সাংসদ এবইং বিধায়কদের দ্বন্দ্ব প্রকাশ্যে আসে।

**********************

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় আগামীকাল একদিনের সফরে পশ্চিমবঙ্গে আসছেন। রাজ্য সফরে তিনি বীরভূমের তারাপীঠ মন্দির দর্শন করবেন। এরপরে কলকাতা সায়েন্স সিটি অডিটোরিয়ামে গৌড়ীয় মিশনের প্রতিষ্ঠাতা আচার্য শ্রীল ভক্তি সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সার্ধ শতবর্ষ উদযাপনের সমাপ্তি অনুষ্ঠানে যোগ দেবেন। ওই অনুষ্ঠানের পরেই উপরাষ্ট্রপতি নতুন দিল্লিতে ফিরে যাবেন বলে জানা গেছে।

**********************

পূর্ব মেদিনীপুরের দীঘায় নির্মীয়মান জগন্নাথ মন্দির পরিচালনার জন্য রাজ্য সরকারের গঠিত ট্রাস্ট আজ প্রথম বৈঠকে বসতে চলেছে।

ট্রাস্টের প্রধান মুখ্য সচিব মনোজ পন্থ-এর পৌরহিত্যে নবান্নে প্রস্তাবিত এই বৈঠকে এগারো জন সরকারি আধিকারিক সহ ট্রাস্টের মোট ২৭ জন সদস্য উপস্থিত থাকবেন। মন্দির পরিচালনার জন্য কি ধরনের পদক্ষেপ নেওয়া যায় তা নিয়ে মূলত বৈঠকে আলোচনা হবে বলে জানা গিয়েছে।

উল্লেখ্য, আগামী তিরিশে এপ্রিল অক্ষয় তৃতীয়ার দিন এই মন্দির উদ্বোধন হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগেই জানিয়েছেন। মন্দির রক্ষণাবেক্ষণ এর দায়িত্বে থাকবে হিডকো।

**********************

নতুন বছরের প্রথম দু'মাস শেষ হওয়ার আগেই রাজ্যে ডেঙ্গি আক্রান্তের সংখ্যা ৪০০ পেরিয়েছে।

রাজ্য স্বাস্থ্য দফতরের রিপোর্টে নতুন বছরের সপ্তম সপ্তাহ বা ১৯ ফেব্রুয়ারি পর্যন্ত কলকাতা ও পার্শ্ববর্তী জেলাগুলিতে রোগের বাড়বাড়ন্ত দেখা যাচ্ছে। ওই রিপোর্ট অনুযায়ী রাজ্যে ডেঙ্গি সংক্রমণে এখন শীর্ষে রয়েছে হাওড়া। সেখানে আক্রান্তের সংখ্যা ৭০। ৫১ জন ডেঙ্গি আক্রান্ত নিয়ে দ্বিতীয় স্থানে মুর্শিদাবাদ। তৃতীয় স্থানে রয়েছে কলকাতা লাগোয়া জেলা উত্তর ২৪ পরগনা। ওই জেলায় বর্তমানে ডেঙ্গি আক্রান্ত সংখ্যা ৪৫। চতুর্থ এবং পঞ্চম স্থানে রয়েছে যথাক্রমে  পশ্চিম বর্ধমান এবং মালদা।

**********************

আগামী তেসরা মার্চ থেকে শুরু হতে চলা এবছরের উচ্চ মাধ্যমিকে মোট পাঁচ লক্ষ ৯ হাজার পড়ুয়া পরীক্ষায় বসছেন। ছাত্রদের তুলনায় ছাত্রীর সংখ্যা ৪৭ হাজার ৬৭১ জন বেশি।

উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য গতকাল এক সাংবাদিক বৈঠকে বলেন, ২০২৩ সালে যারা মাধ্যমিক পাশ করেছিলেন, তার থেকে এবছর

পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৫৫ হাজার কম। সকাল ১০'টায় পরীক্ষা শুরুর পাঁচ মিনিট আগে পরীক্ষার্থীদের সামনে প্রশ্নপত্র খোলা হবে।

২৩'টি জেলার মোট দুই হাজার ৮৯টি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা নেওয়া হবে। ১৩৬টি কেন্দ্রকে স্পর্শকাতর হিসাবে চিহ্নিত করা হয়েছে। ৫২৮ জন বিশেষভাবে সক্ষম পরীক্ষার্থী রাইটার এবং অতিরিক্ত সময় নিয়ে পরীক্ষা দেবেন। এর জন্য পর্ষদের তরফে একটি হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে যার নম্বর ০৩৩-২৩৩৭০৭৯২।

উল্লেখ্য, রেগুলার কোর্সে এইবারই শেষ বছরের জন্যে উচ্চমাধ্যমিক পরীক্ষা নেওয়া হচ্ছে। আগামী বছর থেকে পরীক্ষা হবে সেমেস্টার ব্যবস্থায়।

**********************

কলকাতায় আজ থেকে শুরু হচ্ছে প্রথম পূর্বোদয় সাহিত্য উৎসব-২০২৫। চলবে পয়লা মার্চ পর্যন্ত। আইএসসিএস-এর অধিকর্তা অরিন্দম মুখার্জী জানিয়েছেন, উৎসবের মূল লক্ষ্য হলো সাহিত্যের প্রতি নতুন করে উৎসাহের পুনর্জাগরণ এবং সাংস্কৃতিকভাবে সমৃদ্ধ অঞ্চলগুলির ভাষাগত ঐতিহ্যকে উদযাপন করা।

(বাইট- অরিন্দম)

তিনি বলেন, বিভিন্ন ধরনের কর্মশালার আয়োজন করা হয়েছে,যা অংশগ্রহণকারীদের দক্ষতা বৃদ্ধি ও তাদের সৃজনশীলতাকে প্রসারিত করতে সহায়তা করবে। বই প্রেমীদের জন্য উৎসবে আয়োজিত একটি বইমেলায় বেশ কিছু নতুন বই প্রকাশ করা হবে। এছাড়া তরুণ প্রজন্মকে আকৃষ্ট করতে বেশ কিছু প্রতিযোগিতারও আয়োজন করা হয়েছে।

**********************

যানজট এড়াতে এবং দূষণ কমাতে কলকাতার প্রাণকেন্দ্র ধর্মতলায় 'মাল্টি মোডাল ট্রান্সপোর্ট হাব' তৈরির পরিকল্পনা করছে রাজ্য সরকার। এবিষয়ে আলোচনা করতে সম্প্রতি সেনাবাহিনী, মেট্রো রেল কর্তৃপক্ষ, পূর্ত বিভাগ, কলকাতা পুরসভা এবং

লালবাজারের কর্তাদের সঙ্গে বৈঠকে বসেছিলেন পরিবহণমন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী। বৈঠকে দপ্তরের কর্তাদের পক্ষ থেকে সবার সহযোগিতা চাওয়া হয়েছে।

ধর্মতলা এলাকায় যানজট ও দূষণ কমাতে কলকাতা হাইকোর্টের দায়ের করা এক জনস্বার্থে মামলার রায়ের প্রেক্ষিতে বিকল্প পথ খোঁজার এই উদ্যোগ শুরু হয়েছে।

**********************

মহা শিবরাত্রি উপলক্ষ্যে আজ'ও বিভিন্ন শিব মন্দিরে ভক্তদের ভিড়। গতকাল রাত-ভর চলে পুজোপাঠ। আজ সকালেও বাঁক কাঁধে পুন্যার্থীদের জল নিয়ে যেতে দেখা যায়।

এদিকে, শিব রাত্রির দিন রাজ্যের বিভিন্ন জেলা থেকে দুর্ঘটনার খবর এসেছে।

পূর্ব বর্ধমানের জামালপুরের রোঙ্কিনি মহুলা-তে পুজো উপলক্ষ্যে মামার বাড়ি বেরাতে এসে পথ দুর্ঘটনায় আট বছরের এক শিশুর মৃত্যু হয়। তৃষাণ রায় নামে শিশুটির বাড়ি হুগলীর দাদপুরে। ইঞ্জিন ভ্যানে চেপে যাওয়ার সময় সেটি উলটে গেলে তৃষাণ গাড়ির নীচে চাপা পড়ে।

ওই জেলারই কাটোয়ার দাঁইহাটে ভাগীরথীতে স্নান করতে নেমে দুই যুবক তলিয়ে যায়। এদের মধ্যে সুমন সাহা নামে বছর ২২-এর একজনের সন্ধান মিললেও, ২৩ বছর বয়সী অর্ঘ্য সাহা নিখোঁজ।

পুরুলিয়ার পুঞ্চা থানার ধীবর পাড়ায় মন্দিরে পুজো দিতে এসে প্রদীপের শিখায় কাপড়ে আগুন লেগে এক মহিলা গুরুতর আহত হয়েছেন। আরতি গড়াই নামে বছর ৪৬-এর ওই মহিলাকে গুরুতর আহত অবস্থায় স্থানীয় হাসপাতাল থেকে বাঁকুড়ায় পাঠানো হয়েছে।

************************************************************************